প্রথম আলো

তারিখ ..07 OCT 2016......
পৃষ্ঠা ৩ ... কলাম ...৬ ......

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি

# গ ইউনিটে পাসের হার ৫.৫২%

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ●

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০১৬-১৭ শিক্ষাবর্ষে ব্যবসায় শিক্ষা অনুষদের অধীন গ ইউনিটের ভর্তি পরীক্ষার ফল গতকাল বৃহস্পতিবার রাত নয়টার দিকে প্রকাশ করা হয়েছে। এ ভর্তি পরীক্ষায় মোট পরীক্ষার্থীর মধ্যে ৫ দশমিক ৫২ শতাংশ পাস করেছেন।

উপাচার্য আ আ ম স আরেফিন সিদ্দিক প্রশাসনিক ভবনের কেন্দ্রীয় ভর্তি কার্যালয়ে আনুষ্ঠানিকভাবে এই ফল প্রকাশ করেন। এ সময় গ ইউনিটের ভর্তি পরীক্ষার সমন্বয়কারী অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম, অনলাইন ভর্তি কমিটির আহ্বায়ক অধ্যাপক হাসিবুর রশীদ প্রমুখ উপস্থিত ছিলেন।

ফলে দেখা যায়, গ ইউনিটে ১ হাজার ২৫০টি আসনের বিপরীতে পাস করেছেন ২ হাজার ২২১ জন। ভর্তি-ইচ্ছুক ৪২ হাজার ১২৪ জনের মধ্যে ৪০ হাজার ২৩৪ জন পরীক্ষায় অংশ নেন। অনুত্তীর্ণ হন ৩৮ হাজার ১০ জন।

গত ৩০ সেপ্টেম্বর এই পরীক্ষা হয়। এ বছর পরীক্ষার প্রশ্নপত্রের একটি সেটে একটি প্রশ্ন কম ছিল। এ ছাড়া অন্য একটি সেটে বিভিন্ন ধরনের ভুল নির্দেশনা ছিল।

পরীক্ষার বিস্তারিত ফল বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (admission.eis.du.ac.bd) জানা যাবে।